

আমরা জনগণের পক্ষে

বাংলাদেশ প্রতিদিন

১২ মে ২০১৮/ ওয়াসিফ

ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে ‘প্রিয় শিক্ষকের প্রিয় গান’



ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের ‘বাংলা গানের ভাবনা ও পথচলা’ বিষয়ক নিয়মিত আয়োজনের পঞ্চম পর্ব অনুষ্ঠিত হয়েছে। বুধবার রাজধানীর মহাখালী ক্যাম্পাসের অডিটোরিয়ামে এবারের আয়োজনের শিরোনাম ছিল ‘প্রিয় শিক্ষকের প্রিয় গান’। প্রিয় শিক্ষকের পছন্দের কিছু গান পরিবেশন করেন শিক্ষার্থীরা।

‘বাংলা গানের ভাবনা ও পথচলা’র এবারের অনুষ্ঠানে গান নির্বাচন করেছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রফেসর এমিরেটস প্রফেসর আনিসুজ্জামান, ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর সৈয়দ সাদ আন্দালিব ও ইংলিশ ও হিউম্যানিটিজ বিভাগের সভাপতি প্রফেসর ফিরদাউস আযিম।

বিকেল তিনটায় শুরু হয়ে গানের আসর চলে সাড়ে পাঁচটা পর্যন্ত। বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ও হেমন্ত মুখোপাধ্যায়ের কালজয়ী কয়েকটি গান পরিবেশন করেন ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বর্ষের শিক্ষার্থীরা। অনুষ্ঠানে অতিথি শিল্পী হিসেবে ছিলেন বিশিষ্ট নজরুল সঙ্গীত শিল্পী ও সাংবাদিক সাদিয়া আফরিন মল্লিক।

‘তোমারি নামে নয়ন মেলিনু’ ‘তোমায় গান শোনাবো’ ‘সখী ভাবনা কারে বলে’ ‘আমি ঝড়ের কাছে রেখে গেলাম আমার ঠিকানা’সহ কালজয়ী ও অমর কিছু গান গান উপহার দিয়ে শ্রোতাদের মুগ্ধ

করেন ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। শেষ বিকেলে সেতার পরিবেশন করে সবাইকে বিমোহিত করেন উপাচার্য সৈয়দ সাদ আন্দালিব।

‘প্রিয় শিক্ষকের প্রিয় গান’ শীর্ষক সঙ্গীতানুষ্ঠানের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. সৈয়দ সাদ আন্দালিব। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য প্রফেসর ড. আনসার আহমেদ। অনুষ্ঠানের সমন্বয় করেন ফার্মেসি বিভাগের সহযোগী অধ্যাপক ড. শরমিন্দ নীলোৎপল।

বিডি প্রতিদিন/ ১২ মে ২০১৮/ ওয়াসিফ